

ঢাকা টাইমস

www.dhakatimes24.com

আরডিএ'র নতুন মহাপরিচালক আমিনুল ইসলাম

প্রকাশ | ১২ ফেব্রুয়ারি ২০১৯, ১১:২২ | আপডেট: ১২ ফেব্রুয়ারি ২০১৯, ১১:২৫



বগুড়া প্রতিবেদক,
ঢাকাটাইমস



পল্লী উন্নয়ন একাডেমী বগুড়ার মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করলেন আমিনুল ইসলাম।

আরডিএ, বগুড়ার বিদায়ী ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. এম এ মতিনের উপস্থিতিতে সকল নতুন মহাপরিচালক দায়িত্বগ্রহণ করেন। এসময় আরডিএর উর্ধ্বতন কর্মকর্তারা ফুল দিয়ে তাকে স্বাগত জানান।

আমিনুল ইসলাম সর্বশেষ রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পান।

৮ম বিসিএস এর মাধ্যমে তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারে নির্বাচিত হয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগ দেন।

কর্মজীবনে তিনি দ্বিতীয় ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ে দায়িত্ব পালন করেন।

এছাড়াও সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রাজশাহীর বোয়ালিয়া মেট্রোপলিটন এলাকা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-রাজশাহী অঞ্চলের ম্যাজিস্ট্রেট, সিনিয়র সহকারী কমিশনার হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়, সহকারী পরিচালক হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগে ও উপ-পরিচালক হিসেবে এসএলজিডিএফ প্রকল্প (ইউএনডিপিআই, ইউএনসিডিএফ ফান্ডেড), উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে নাটোরের সদর উপজেলা, অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে (উপ-সচিব) কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয় এবং কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জোনাল সেটেলমেন্ট অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের রাজশাহীর স্থানীয় সরকার বিভাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

ঢাকাটাইমস/১২ফেব্রুয়ারি/ওআর

৪৪, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোন: ০২-৪৮৩১৪৯০১, ০২-৪৮৩১৮৮৬৭

ফ্যাক্স : +৮৮-০২-৪৮৩১৮০৪৩

ই-মেইল: editor@dhakatimes24.com, info@dhakatimes24.com

নিউজের জন্য: dhakatimes24@yahoo.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০১২ - ২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং শাস্তিযোগ্য অপরাধ